

শুগান্ধ

প্রিন্ট: ০৭ মে ২০২৫, ০৮:৫৯ এএম

সারাদেশ

রুয়েটের গ্লাস অ্যান্ড সিরামিক বিভাগের নাম পরিবর্তন



রাজশাহী বৃক্ষে

প্রকাশ: ০৬ মে ২০২৫, ০৭:০৮ পিএম



রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গ্লাস অ্যান্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের নাম পরিবর্তন করা হয়েছে। বিভাগটির নতুন নাম হয়েছে সিরামিক অ্যান্ড মেটালার্জিকাল ইঞ্জিনিয়ারিং (সিএমই)।

সোমবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আরিফ আহমদ চৌধুরী স্বাক্ষরিত এক অফিস আদেশে এ নাম পরিবর্তন করা হয়। পরে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ শাখা এ তথ্য জানায়।

জনসংযোগ শাখা জানায়, বিশ্ববিদ্যালয়ের ১০৭তম সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গ্লাস অ্যান্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের পরবর্তী সিরিজের জন্য নতুন এ নাম কার্যকর হবে।